# বিরল উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির জুলাই/২০২৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতিঃ মোঃ রেজাউল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।

আলোচ্য মাসঃ জুন/২০২৬
তারিখঃ ১৩/০৭/২০২৬ খ্রিঃ
রোজঃ সোমবার
সময়ঃ সকাল- ১১.০০ ঘটিকা
স্থানঃ উপজেলা পরিষদ কনফারেন্স রুম।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' ও 'খ' তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সম্মানীত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি গত সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর ইউনিয়ন পর্যায়ে নিয়মিত সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা করে কার্যবিবরণী প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়। সভাপতি বিরল উপজেলায় কোন সন্ত্রাস ও নাশকতা বিষয়ে কোন সংবাদ পেলে দ্রুত উপজেলা নির্বাহী অফিসার এবং অফিসার ইনচার্জ, বিরল থানাকে জানানোর জন্য অনুরোধ করেন। বিরল উপজেলায় সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

**সিদ্ধান্তঃ-**

| ক্রঃনং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ক। | সন্ত্রাস ও মাদকবিরোধী সামাজিক সচেতনতা বাড়াতে সকল এলাকার জনপ্রতিনিধিসহ সকল স্তরের জনগণের সমন্বয়ে কার্যকর সামাজিক প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।<br>২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।<br>৩। অফিসার ইনচার্জ, বিরল, দিনাজপুর।<br>৪। সকল ইউ.পি চেয়ারম্যানবৃন্দ। |
| খ। | অনাকাংখিত কোন ব্যক্তি বা অপরিচিত কাউকে এলাকায় ঘোরাফেরা করতে দেখলে দ্রুত থানায় খবর দেয়ার জন্য অনুরোধ করা হলো। | ১। সকল ইউ.পি চেয়ারম্যানবৃন্দ। |
| গ। | সাম্প্রদায়িক সম্প্রীতি যেন কোন ভাবে ক্ষুন্ন না হয় সে দিকে লক্ষ্য রাখতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো। | ১। সকল ইউ.পি চেয়ারম্যানবৃন্দ। |
| ঘ। | ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠানপূর্বক কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | ১। সকল ইউ.পি চেয়ারম্যানবৃন্দ। |
| ঙ। | মাদকসেবীদের চিহ্নিত করে সামাজিকভাবে বয়কট করার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হলো। | ১। সকল ইউ.পি চেয়ারম্যানবৃন্দ। |

বিরল উপজেলায় সন্ত্রাসী ও নাশকতা রুখতে সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/৭/২৬

মোঃ রেজাউল ইসলাম
সভাপতি
উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ
কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরল, দিনাজপুর
www.birol.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১৭.০০০.১৪.০২৪.২৪-২৩৪২

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১. জেলা প্রশাসক, দিনাজপুর।

২. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।

৩. উপজেলা..........................................................অফিসার, বিরল, দিনাজপুর।

৪. অফিসার ইন-চার্জ, বিরল থানা, দিনাজপুর।

৫. চেয়ারম্যান............................................................ইউ,পি, (সকল), বিরল, দিনাজপুর।

৬. উপজেলা আইসিটি অফিসার, বিরল, দিনাজপুর। তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৭. জনাব................................................বিরল, দিনাজপুর।

৮. অফিস কপি।

২৭.৭.২৬

উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।